সংবাদ

তারিখ 11 APR 2017
পৃষ্ঠা ৫ কলাম ৭

# আগৈলঝাড়ায় সেই শিক্ষকের বিরুদ্ধে তদন্ত কমিটি

প্রতিনিধি, আগৈলঝাড়া (বরিশাল)

বরিশালের আগৈলঝাড়ায় শিক্ষক কর্তৃক এক ছাত্রীর শ্লীলতাহানির ঘটনায় প্রহসনে সালিশ-মীমাংসা হওয়ার অভিযোগ উঠেছে। এতে স্থানীয় শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চরম ক্ষোভ বিরাজ করছে। এ ব্যাপারে এক সদস্যের তদন্ত কমিটি ঘটনা করা হয়েছে। উপস্থিত সালিশদের কাছে শিক্ষক তার কৃতকর্মের জন্য ক্ষমা চেয়েছেন।

অভিভাবক ও স্থানীয় একাধিক সূত্রে জানা গেছে, উপজেলার গৈলা ইউনিয়নের দাসপট্টি জনতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রীকে মঙ্গলবার বিকেলে স্কুল একা পেয়ে ওই স্কুলের সহকারী শিক্ষক হরিহর নন্দী শ্লীলতাহানি ঘটায়।

এ ঘটনা জানাজানির পর গত শুক্রবার বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীলিপ দত্তের বাড়িতে এক প্রহসনের সালিশ-মীমাংসা হয়েছে। ওই সালিশ-মীমাংসায় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নয়ন হোসেন রাঢ়ী, সাবেক সভাপতি হানিফ রাঢ়ী ওরফে সাইফুল, নারায়ণ চন্দ্র নাগ, আবুল কাশেম রাঢ়ীসহ একাধিক এলাকাবাসী।

উপস্থিত সালিশদের কাছে শিক্ষক তার কৃতকর্মের জন্য ক্ষমা চেয়েছেন। এ ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চরম ক্ষোভ বিরাজ করছে। এব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল হক তালুকদার জানান, বিষয়টি তদন্তের জন্য সহকারী শিক্ষা কর্মকর্তা জামাল হোসেন গাজীকে প্রধান করে কমিটি গঠন করা হয়েছে। সাতদিনের মধ্যে তদন্ত করে রিপোর্ট দিলে সেই অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। অভিযুক্ত শিক্ষক হরিহর নন্দী সাংবাদিকদের জানান, এ ঘটনার ব্যাপারে আমি কিছুই জানিনা। তবে একটি ভুল বোঝাবুঝি হয়েছিল, যার অবসান হয়েছে। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীলিপ দত্ত জানান, শুক্রবারে আমার বাড়ি বসে একটি মিমাংসা হয়েছে। একটি মহল শ্লীলতাহানির ঘটনা এলাকায় রটিয়ে শিক্ষকের মান-সম্মান ক্ষুণ্ন করছে। সালিশদের কাছে শিক্ষক ক্ষমা চেয়েছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর